চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম ।

প্রেস বিজ্ঞপ্তি

এ সরকারের আমলে বন্দর একদিনের জন্য বন্ধ হয়নি

বন্দর শ্রমিকদের ভাগ্য বদলে নৌকা প্রতীকে ভোট দেওয়ার আহ্বান- মেয়রের

চট্টগ্রাম- ২৬শে ডিসেম্বর-২০১৮ইংরেজী।

মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সিটি মেয়র আ.জ.ম.নাছির উদ্দীন বলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকার আমলে চট্টগ্রাম বন্দর একদিনের জন্য বন্ধ হয়নি। এই সরকার একটি শ্রমিকবান্ধব সরকার।শ্রমিকদের ভাগ্য উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে এই সরকার। তাই আগামী ৩০শে ডিসেম্বরের নির্বাচনে নৌকার জয় হলে শ্রমিকদের সুযোগ সুবিধা আরো বাড়বে। তিনি আজ বুধবার সকালে একাদশ সংসদ নির্বাচন উপলক্ষে নিমতলা বিশ্বরোড় মাথায় চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী শ্রমিক-কর্মচারী লীগের (সিবিএ)আয়োজিত সভায় প্রধান অতিথির বক্তববে্য একথা বলেন। মেয়র বলেন শিল্প বাণিজ্য সমৃদ্ধশীল করার জন্য বর্তমান সরকার নানা রকম কাজ করে যাচ্ছে। চট্টগ্রাম কর্ণফুলীর তলদেশে ট্যানেল নির্মিত হলে আনোয়ারসহ চট্টগ্রামে বিপুল পরিমাণ কর্মসংস্থানের সুযোগ সৃষ্ঠি হবে। এতে যোগ্যতার ভিক্তিতে চাকুরী পাবে ।তখন দেশের মানুষকে আর বেকার থাকতে হবে না। প্রধানমন্ত্রী অংগীকার করেছেন আগামীবার সরকার গঠন করতে পারলে শ্রমিকদের ভাগ্য পরিবর্তন হবে। তিনি বলেন রুপকল্প ২০২১ ও রুপকল্প-২০৪১ বাস্তবায়নের জন্য দেশের সর্বস্তরে উন্নতি সাধনের জন্য এগিয়ে যাচ্ছে। এই লক্ষে চট্টগ্রাম সীতাকুন্ড ও আনোয়ারাকে শিল্পাঞ্চল করার জন্য উদ্যোগ নিয়েছে সরকার। যোগাযোগ সুবিধার্থে চট্টগ্রাম জেলা ও উপজেলা পর্যায়ে তৈরী করা হচ্ছে পাকা রাস্তা। এখানে জ্বালানীর পাশাপাশি ভুমি ও শ্রমিক সহজলভ্য হওয়ায় দ্রুত শিল্প নগরীতে রুপান্তরিত হবে দেশের বৃহত্তম বাণিজ্যিক রাজধানী চট্টগ্রাম।শিল্পায়নের মাধ্যমে এই নগরী দেশের অর্থনীতিকে আরো ত্বরান্বিত করবে বলে মেয়র প্রত্যাশা করেন। মেয়র বলেন দেশে দরিদ্রের সংখ্যা কমেছে,শিক্ষার হার ও মানুষের গড় আয়ু বেড়েছে। বাংলাদেশ ইতোমধ্যে উন্নয়নশীল দেশের যোগ্যতা অর্জন করেছে । জননেত্রী শেখ হাসিনার লক্ষ্য হচ্ছে ২০২১ সালে বাংলাদেশ হবে মধ্যম আয়ের দেশ। আর ২০৩০ সালের মধ্যে বাংলাদেশে কোনো দরিদ্র থাকবে না। প্রধানমন্ত্রীর শেখ হাসিনা দারিদ্র্য বিমোচনে ব্যাপক কর্মসুচীর কথা উল্লেখ করে মেয়র বলেন এলক্ষে গ্রামে কাবিখা,ভিজিভি,ভিজিডি,প্রতিবন্ধীও বয়স্ক ভাতা ,স্বামী পরিত্যক্তা ও বিধবা ভাতা,মুক্তিযোদ্ধা ভাতা দিয়ে মানুষের ভাগ্যে পরিবর্তন করা হচ্ছে।দেশের মানুষে আর্থ-সামাজিক মানন্নোয়নে চলমান প্রকল্প অব্যাহত রাখার জন্য আগামী নির্বাচলে মেয়র সকলকে নৌকায় ভোট দেয়ার আ্হবান জানান। সংগঠনের সভাপতি মোহাম্মদ মীর নওশাদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটির শ্রম ও কর্মসংস্থান সম্পাদক হাবিবুর রহমান সিরাজ,বাংলাদেশ কেন্দ্রীয় শ্রমিক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আলহাজ্ব শফর আলী,চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের উপদেষ্ঠা মোহাম্মদ ইসহাক,কাউন্সিলর হাজী জাহাঙ্গীর আলম চৌধুরী,শৈবাল দাশ সুমন, সংগঠনের সাধারণ সম্পাদক মোহাম্মদ আলমগীর, ৩৬নং ওয়ার্ড আওয়ামী লীগের আহবায়ক ইসকান্দর মিয়া,নরুন নবী ও পদ্মা অয়েল সিবিএ এর সাধারণ সম্পাদক মোহাম্মদ আয়ুব বক্তব্যে রাখেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনের সিনিয়র সহ-সভাপতি মোহাম্মদ নুরুল আফসার,নুরুল আমিন ভুঞা,যুগ্ন সম্পাদক উৎপল বিশ্বাস,শহিদ উল্লাহ ,মোহাম্মদ নাছের,আমিনুল ইসলাম,মো:সোহেল চৌধুরী, মোহাম্মদ আলী আকবর,মোহাম্মদ রফিকুল ইসলাম,মোহাম্মদ আবুল হাসেম ও আবুল হোসেন।

এদিকে চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রমিক কর্মচারীলীগ(সিবিএ):– নগরের আওয়ামীলীগের নৌকা প্রতীকের প্রার্থীর পক্ষে প্রচারনায় নেমেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রমিক কর্মচারীলীগ(সিবিএ)। আজ দুপুরে সিটি কর্পোরেশন বঙ্গবন্ধু চত্বরে সিটি মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দী এ প্রচারনার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এর পর মেয়রের নেতৃত্বে সিবিএ নেতৃবৃন্দ সহ বান্ডেল সেবক কলোনীতে গণসংযোগ ও সমাবেশ করে। এসময় চসিক শ্রমিক কর্মচারীলীগ এর সভাপতি ফরিদ আহমদ, সিনিয়র সহ সভাপতি জাহেদুল আলম চৌধুরী, সহ সভাপতি মো. ইয়াছিন, রূপন কান্তি দাশ, সাধারন সম্পাদক মোরশেদুল আলম চৌধুরী, যুগ্ সাধারন সম্পাদক মো. মুজিবুর রহমান, বিপ্লব কুমার চৌধুরী, সহ সাধারন সম্পাদক রতন দত্ত, সাংগঠনিক সম্পাদক আবুল মাকসুদ, অর্থ সম্পাদক তারেক সুলতান, আইন বিষয়ক সম্পাদক ফরিদ আহমদ, সহ.ক্রিড়া সম্পাদক কল্লোল দাশ, প্রচার

সম্পাদক সুভাষ চক্রবর্তী, সহ প্রচার সম্পাদক রতন কুমার শীল, সমাজসেবা সম্পাদক বাবুল সেন, মহিলা বিষয়ক সম্পাদক নমিতা বিশ্বাস, সহ দপ্তর সম্পাদক খোরশেদ আলম সহ কর্পোরেশনের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

প্রেস বিজ্ঞপ্তি

সিভিল সোসাইটি কো- অডিনেশন কমিটির সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম- ২৬ ডিসেম্বর ২০১৮

আজ বুধবার সকালে সিটি কর্পোরেশন কনফারেন্স হলে জাইকা সাহায্যপুষ্ট সিটি গভর্নেন্স প্রকল্পের অধীনে গঠিত সিভিল সোসাইটি কো- অডিনেশন কমিটির সভা অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন সভায় সভাপতিত্ব করেন। সিভিল সোসাইটির কো–অর্ডিনেশন কমিটির সদস্য সচিব চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা এর সঞ্চালনায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর এইচ এম সোহেল, নাজমুল হক ডিউক,আলহাজ্ব ছালেহ আহাম্মদ চৌধুরী, হাজী নুরুল হক, হাজী মো. জয়নাল আবেদীন, সাইয়েদ গোলাম হায়দার মিন্টু, মো. সাহেদ ইকবাল বাবু, হাসান মুরাদ বিপ্লব,সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আঞ্জুমান আরা বেগম, আবিদা আজাদ, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সাবেক সভাপতি এম নাসিরুল হক, কমিটির সদস্য চসিক সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান রাজস্ব কর্মকর্তা আবু শাহেদ চৌধুরী, নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আকতার, সাবেক কাউন্সিলর রেখা আলম, প্রকৌশলী এম এ রশীদ, প্রকৌশলী মোহাম্মদ হারুন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, প্রকৌশলী আনোয়ার হোছাইন, আবু ছালেহ, মুনিরুল হুদা, এলজিইডি'র এম মাহফুজুল হক, মো. আশিকুল ইসলাম, মোহাম্মদ শাহীনুল ইসলাম চৌধুরী, মো. আমিনুর রহমান, মো. গোফরান উদ্দিন, মো. অনিক হাসান, প্রকৌশলী মো. মিজবাহ উল আলম, নজরুল ইসলাম, ইউএনডিপি প্রতিনিধিদের মধ্যে গীতা রানী দাশ, নুর জাহান, সিএইচডিএফ এর সভাপতি আনোয়ারা আলম,সঞ্জীৎ কুমার দাস প্রমুখ উপস্থিত ছিলেন। এসময় বিগত সভার কার্য বিবরণী অনুমোদন সহ ২০১৮-২০১৯ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা চসিক আওতাধীন বন্যায় ও জলাবদ্ধতায় ক্ষতিগ্রস্ত রাস্তা সমূহের উন্নয়ন এবং নালা,প্রতিরোধ দেয়াল ব্রীজ ও কালভার্ট নির্মাণ,নগরীর বিভিন্ন ও গুরুত্বপূর্ণ সড়ক ও উন্নয়নসহ আধুনিকযন্ত্রপাতি সংগ্রহ,বহদ্দারহাট বারইপাড়া হতে কর্ণফুলী নদী পর্যন্ত খাল খনন,জাইকার প্রকল্প দারিদ্র হ্রাস করণ প্রকল্প এবং রাজস্ব আদায় বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গৃহিত হয়।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন